# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 FEBRUARY 2025 7:45—7:55**

---

১। মণিপুরে রাষ্ট্রপতি শাসন প্রত্যাহার ।বিজেপি নেতা যুমনাম খেমচান্দ সিংয়ের রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ ।
২। দেশের ১০০ শতাংশ রেশন কার্ড ডিজিটাইজড করা হয়েছে এবং ৯৯ শতাংশেরও বেশী কার্ড আধারের সঙ্গে সংযুক্ত করা হয়েছে বলে আজ লোকসভায় কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী নিম্বুবেন বম্ভানিয়ার প্রকাশ ।

৩। সামরিক এবং সুরক্ষার দিক থেকে স্পর্শকাতর চিকেন নেক করিডোরে ভূগর্ভের মধ্য দিয়ে উত্তরপূর্বাঞ্চলকে সংযুক্ত করে রেলপথ নির্মাণ করার কেন্দ্রীয় সরকারের উচ্চাকাঙ্খামূলক প্রকল্পকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার স্বাগত ।

এবং

৪। রাজ্যের বিভিন্ন প্রান্তের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে নানা কার্যসূচী পালন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ থেকে মণিপুরে রাষ্ট্রপতি শাসন প্রত্যাহার করেছেন । রাজ্যে গত বছরের ১৩ ফেব্রুয়ারীতে রাষ্ট্রপতি শাসন বলবৎ করা হয়েছিলো । স্বরাষ্ট্র মন্ত্রণালয় এসম্পর্কে গ্যাজেট নোটিফিকেশন জারি করেছে । এতে রাষ্ট্রপতি শ্রীমতি মূর্মু গত বছর সংবিধানের ৩৫৬ নম্বর ধারার অধীনে জারি করা রাষ্ট্রপতি শাসন আজ থেকে প্রত্যাহার করেছেন বলে উল্লেখ করা হয়েছে । উল্লেখ্য মূখ্যমন্ত্রী এন বীরেন সিং পদত্যাগ করার পর গতবছর ফেব্রুয়ারী থেকে মণিপুরে রাষ্ট্রপতি শাসন বলবৎ ছিলো ।

এদিকে বি জেপি নেতা যুমনাম খেমচান্দ সিং আজ সন্ধ্যায় লোকভবনে মণিপুরের নতুন মূখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাজ্যপাল অজয় কুমার ভাল্লা তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । উল্লেখ্য যুমনাম খেমচান্দ সিংকে গতকাল

বি জে পি বিধায়নী দলের নেতা হিসেবে সর্ব্বসম্মতিক্রমে নির্বাচিত করা হয় । এছাড়া বিজেপির ওয়াই খেমচাঁদ সিং নতুনদিল্লী থেকে ভাচুয়ার্ল ব্যাবস্থায় এবং নাগা পিপলস ফ্রন্টের লসসি দিখো উপ-মূখ্যমন্ত্রী হিসেবে এবং বি জেপি র গোবিন্দদাস কনহুজাম ও ন্যাশনেল পিপলস পার্টির কে এইচ লোকেন মন্ত্রী হিসেবে আজ শপথ গ্রহণ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

দেশের ১০০ শতাংশ রেশন কার্ড ডিজিটাইজড করা হয়েছে এবং ৯৯ শতাংশেরও বেশী কার্ড আধারের সঙ্গে সংযুক্ত করা হয়েছে ।লোকসভায় এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা , খাদ্য ও গণবন্টন বিভাগের মন্ত্রী নিম্বুবেন বম্ভানিয়া জানান । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী খাদ্য সুরক্ষার বিষয়টিকে অগ্রাধিকার দিচ্ছেন বলে উল্লেখ করে মন্ত্রী বলেন যে সরকার প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার মাধ্যমে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সমুহের ৮১ কোটিরও বেশী হিতাধিকারীকে বিনামূল্যে খাদ্য সামগ্রী সরবরাহ করছে । এই প্রকল্পটি বিশ্বের সর্ববৃহৎ খাদ্য সুরক্ষা প্রকল্প বলে শ্রীমতী বম্ভানিয়া মন্তব্য করেন ।‘এক দেশ এক রেশন কার্ড’ প্রকল্প রূপায়নের মাধ্যমে পরিযায়ী শ্রমিকরাও দেশের যেকোন প্রান্তের সুলভ মূল্যের দোকান থেকে তাদের প্রাপ্য খাদ্য সামগ্রী লাভ করতে পারেন বলে মন্ত্রী জানান ।পরিযায়ী শ্রমিকরা  এই প্রকল্পের অধীনে ২০১ কোটিরও বেশী বার অন্য স্থান থেকে খাদ্য সামগ্রী লাভ করেছেন বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামরিক এবং সুরক্ষার দিক থেকে স্পর্শকাতর চিকেন নেক করিডোরে ভূগর্ভের মধ্য দিয়ে উত্তরপূর্বাঞ্চলকে সংযুক্ত করে ৪০ কিলোমিটার দৈর্ঘ্যের রেলপথ নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের গ্রহণ করা উচ্চাকাঙ্খামূলক প্রকল্পকে স্বাগত জানিয়েছেন ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তকে এক বৃহৎ পদক্ষেপ বলে অভিহিত করেছেন ।মুখ্যমন্ত্রী বলেন যে দেশের ভেতরের এবং বাইরের দেশবিরোধী শক্তিগুলি চিকেন নেক অঞ্চলকে আশংকা সৃষ্টির অস্ত্র হিসেবে ব্যবহার করে আসছে ।প্রস্তাবিত ভুগর্ভস্থ রেল সংযোগ এক গুরুত্বপূর্ণ কৌশলগত সাফল্যের সূচনা করেছে বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

দেশের পূর্ব এবং পশ্চিম প্রান্তের শৈক্ষিক পরিবেশের মধ্যে সেতু বন্ধনের উদ্দেশ্যে গতকাল ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় এবং গোয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে ।ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে অধ্যাপক পঙ্কজ চেতিয়া এবং গোয়া বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক অধ্যাপক এস এন ধুরী এই সমঝোতা চুক্তিতে স্বাক্ষর

করেন । এর ফলে উভয় বিশ্ববিদ্যালয় কৌশলগত অংশীদারিত্ব , সহযোগিতামূলক গবেষণা , ছাত্র ও অধ্যাপক বিনিময় কার্যসূচী ইত্যাদি ক্ষেত্রে লাভান্বিত হবে এবং সাংস্কৃতিক বৈচিত্র্যের মাধ্যমে শৈক্ষিক পরিবেশ গড়ে উঠবে বলে আশা করা হচ্ছে ।

---

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য আসাম প্রদেশ কংগ্রেস কমিটির একটি নির্বাচনী সমিতি গঠন করা হয়েছে । নিখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তি অনুসারে প্রদেশ কংগ্রেসের সভাপতি গৌরব গগৈ সমিতির সভাপতি হিসেবে রয়েছেন । সমিতিতে বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া ,সাংসদ রকিবুল হুসেইন ,প্রদ্যুত বরদলৈ ,প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি ভূপেন বরা সহ প্রদেশ কংগ্রেসের মোট ৩৫ জন জন নেতাকে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে সেইসঙ্গে এই সমিতিতে বিশেষ আমন্ত্রিত সদস্য হিসেবে প্রদেশ কংগ্রেস কমিটির সাংগঠনিক সম্পাদক ,প্রদেশ কংগ্রেস কমিটির সব বিভাগের প্রধান এবং অনুসূচিত জাতি , অন্যান্য অনগ্রসর শ্রেণী ,সংখ্যালঘু ইত্যাদি প্রতিটি বিভাগের প্রধানরা রয়েছেন ।

---

আজ বিশ্ব ক্যান্সার দিবস । ক্যান্সার রোগ সম্পর্কে সচেতনতা সৃষ্টি সহ এই রোগে আক্রান্তদের সহনশীলতা বৃদ্ধি তথা রোগের বিরুদ্ধে লড়াই করার ক্ষেত্রে রোগীর পরিবারের সহযোগীতার প্রতি সম্মান জানিয়ে প্রতি বছর চৌঠা ফেব্রুয়ারী এই দিবস পালন করা হয় । এবছরের বিশ্ব ক্যান্সার রোগ দিবসের মূল বিষয় হচ্ছে---ইউনাইটেড বাই ইউনিক । এই দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা বলেন যে ক্যান্সার রোগে আক্রান্ত লোকেদের প্রতি সহযোগীতা এবং সুস্থ সমাজ গড়ার জন্য এই লোকেদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করার প্রতি সচেতনতা সৃষ্টির জন্য এই দিবস পালন করা হয় । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী নাড্ডা বলেন যে প্রতিটি জেলায় ক্যান্সার রোগের সেবা কেন্দ্র স্থাপন এবং এই রোগের ঔষধসমূহতে সীমা শুল্ক রেহাই দেবার ফলে রোগী ও পরিবারগুলি স্বস্তি পেয়েছে । আয়ুষ্মান আরোগ্য মন্দিরসমূহ ক্যান্সার রোগের বিরুদ্ধে লড়াই শক্তিশালী করে তুলেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এই কেন্দ্রসমূহতে ক্যান্সার রোগে আক্রান্তদের স্বাস্থ্য পরীক্ষা ,এই রোগ শনাক্তকরণ তথা চিকিৎসা নির্দিষ্ট সময়ে করা সম্ভব হয়ে উঠেছে ।

এই দিবস উপলক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন হাসপাতাল ,প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে বেশ কিছু কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা  বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষ্যে এক বার্তায় ক্যান্সার রোগের আগাম নিরীক্ষণ ,শণাক্তকরণ এবং চিকিৎসাকে অগ্রাধিকার দেবার সংকল্প গ্রহণ করতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন । রাজ্যসরকার ক্যান্সার রোগের চিকিৎসার মাধ্যমে সমগ্র আসামে উন্নত প্রযুক্তি ,আগাম রোগ শণাক্তকরণ এবং সুলভ চিকিৎসা প্রদানের জন্য স্বাস্থ্য খন্ডকে বিকশিত করে তোলার নিরন্তর প্রয়াস চালিয়ে আসছে বলেও তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে  বিশ্ব ক্যান্সার প্রতিরোধী দিবস পালন করা হয়েছে । শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের অধীন শিলচর ক্যান্সার সেন্টারে আজ বিশ্ব ক্যান্সার প্রতিরোধী দিবস উপলক্ষ্যে একটি র্যালী বের করা হয় এবং পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । এছাড়াও অন্যান্য সচেতনতামূলক কার্যসূচীর আয়োজন করা হয় ।

এদিকে শ্রীভূমি জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে এবং আসাম ক্যান্সার কেয়ার ফাউন্ডেশনের সহযোগীতায় আজ শ্রীভূমি জেলায়ও বিশ্ব ক্যান্সার প্রতিরোধী দিবস পালন করা হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর মতীন্দ্র সূত্রধর সচেতনতামূলক এ উপলক্ষ্যে পদযাত্রার সূচনা করেন । পদযাত্রার পর ক্যান্সার সচেতনতা বিষয়ক একটি চিত্রাঙ্কন প্রতিযোগীতা এবং পথ নাটকের আয়োজন করা হয় ।

অনুরূপভাবে হাইলাকান্দি জেলায়ও আজ বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষ্যে নানা কার্যসূচীর আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

রেল সুরক্ষা বাহিনী ও সি আর পি এফ-বাহিনী গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে বদরপুর রেল স্টেশনে মাদক বিরোধী অভিযান চালিয়ে দেওঘর-আগরতলা সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেন থেকে  ৪৩৬ বোতল ফেনসিডিল সহ একজন পাচারকারীকে আটক করেছে । উদ্ধার করা সামগ্রীগুলো দেওঘর থেকে  বিক্রি করার জন্য বদরপুর নিয়ে আসা হয়েছিল । ধৃত পাচারকারী বিহারের মাধোপুর জেলার মাঝারহাট থানা এলাকার বাসিন্দা বলে আর পি এফ সূত্রে জানানো হয়েছে । আর পি এফ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭ শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় স্বাগত ভাষণ দেন অধ্যাপক ডঃ রণবিজয় দাস ।সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ নিরঞ্জন রায় বলেন যে ১৯৯০ সালের পর থেকে ধারাবাহিক সংস্কারের মাধ্যমে দেশের আন্তর্জাতিক বিশ্বাসযোগ্যতা পুনরুদ্ধার হয়েছে ।সভায় বিনিজ্য ও ব্যবস্থাপনা বিভাগের ডিন অধ্যাপক ডঃ সঞ্জীব ভট্টাচার্য তাঁর বক্তব্যে বাজেটে অর্থনৈতিক বৃদ্ধি ত্বরান্বিত করা , জনগণের সক্ষমতা বৃদ্ধি , পরিকাঠামো উন্নয়ন ইত্যাদি বিষয় তুলে ধরেন ।

-----------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির ধলাই বিধানসভা নির্বাচন পরিচালনা কমিটির এক সভা গতকাল পানিভরায় অনুষ্ঠিত হয়েছে । নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক কৃপেশ ঘোষের পৌরহিত্যে আয়োজিত সভায় নির্বাচন পরিচালনা করার জন্য ৩৬টি বিভাগ নিয়ে এবং প্রতিটি বিভাগে প্রমূখ , সহ প্রমূখ এবং সদস্য নিয়ে ৬১ জনকে যুক্ত করে একটি কমিটি গঠন করা হয়েছে । সভায় বক্তব্য রাখতে গিয়ে জেলা সভাপতি রূপম সাহা প্রতিটি বিভাগের দায়িত্ব এবং কর্তব্য যথাযথভাবে পালন করতে দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন । সভায় অন্যান্যদের মধ্যে বিধায়ক নীহার রঞ্জন দাস ,নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি চন্দন দে , জেলা সম্পাদক পরেশ তাঁতি , নির্বাচনী প্রভারী পুলক দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ সামাজিক মাধ্যমে দামছড়া সংরক্ষিত বনাঞ্চল সংক্রান্ত একটি ভুয়ো ভিডিও ছড়ানোর অভিযোগে একজন কনটেন্ট ক্রিয়েটরকে আটক করেছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে আটক করা ব্যাক্তিকে আব্দুল খালিক বড়ভুইয়া বলে শনাক্ত করা হয়েছে । ধৃত ব্যাক্তি রামনাথপুর থানা এলাকার জামিরা পার্ট - ৭ এর বাসিন্দা । পুলিশ সুত্রে জানানো হয়েছে যে অভিযুক্ত ব্যাক্তি সামাজিক মাধ্যমে দামছড়া সংরক্ষিত বনাঞ্চল নিয়ে বিভ্রান্তিকর ও ভুয়ো ভিডিও করে জনমনে ভুল বার্তা প্রচার করছিল । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগীতার প্রথম রাউন্ডের ফাইনালে প্রথম দিনের খেলার পর ব্লাড মাউথ ক্লাব সুবিধাজনক অবস্থায় রয়েছে । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজ প্রথম দিনের খেলায় বিপক্ষ রাইজিং ইয়ং স্টার ব্লাড মাউথ থেকে ১৮৯ রানে পিছিয়ে রয়েছে । আজ টসে জিতে প্রথমে

ব্যাট করার সিদ্ধান্ত নেয় ব্লাড মাউথ ক্লাব । ব্লাড মাউথের হয়ে ১২১ বলে ১৪৭ রান করে সৌম্য কান্তি পাল । ব্লাড মাউথ ৮ উইকেট হারিয়ে ৩০৯ রান সংগ্রহ করে । জবাবে বিশাল রান তাড়া করতে নেমে রাইজিং ইয়ং স্টার ক্লাব চাপে পড়ে যায় । দিনের শেষে রাইজিং ইয়ং স্টার ২৫ ওভারে ৫ উইকেট হারিয়ে ১২০ রান করতে সক্ষম হয় ।

---------------------------------------------------------------------------------------